

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.২১.৭১৯

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

বিষয়: চট্টগ্রাম জেলার রাউজান পৌরসভার নিজস্ব জায়গায় মার্কেট নির্মাণের জন্য মন্ত্রণালয় কর্তৃক
প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র: জনাব এ.বি.এম ফজলে করিম চৌধুরী, এমপি এর ডিওপত্র নং-বাজাস/সভাপতি/রেলপথ
ম.স.স্বা.ক/উন্নয়ন/২০২১-১৮৮, তারিখ: ৩১ মে, ২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জমির তফসিলে বর্ণিত সুলতানপুর মৌজার ৭৫০৪ নং দাগের জমি ১নং খাস খতিয়ানভুক্ত উল্লেখ করা হয়েছে। ১নং খাস খতিয়ানভুক্ত জমির মালিক সংশ্লিষ্ট জেলা প্রশাসক। ফলে উক্ত জমিতে পৌরসভার মার্কেট নির্মাণের ক্ষেত্রে জেলা প্রশাসকের পূর্বানুতি গ্রহণ করা প্রয়োজন। এ ছাড়া প্রস্তাবিত মার্কেট নির্মাণের ব্যয় কিভাবে নির্বাহ করা হবে, বর্ণিত বিষয়ে পৌর পরিষদের সভায় কি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সে বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যের স্বাক্ষরিত কার্যবিবরণী প্রেরণ করা হয়নি। উক্ত জমিতে পৌর মার্কেট নির্মাণ করা হলে পরবর্তীতে কোন মামলা বা আইনি জটিলতার সম্ভাবনা রয়েছে কিনা সে বিষয়ে ভূমির মালিকানা সম্পর্কে সহকারী কমিশনার ভূমির প্রত্যয়ন ইত্যাদিসহ প্রতিবেদন প্রেরণ করা হয়নি। মার্কেট নির্মাণে সম্ভাব্য কত টাকা ব্যয় হবে তাও বিবেচ্যপত্রে উল্লেখ নেই।

০২। এমতাবস্থায়, রাউজান পৌরসভা কর্তৃক বর্ণিত মার্কেট নির্মাণের বিষয়ে নিম্নোক্ত তথ্যাদিসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল:

(ক)	প্রস্তাবিত মার্কেট নির্মাণ করতে কত টাকা ব্যয় হবে এবং এ অর্থের সংস্থান কিভাবে হবে। প্রস্তাবিত মার্কেটের নক্সা, সম্ভাব্য নির্মাণ খরচ, নির্মাণ ব্যয়ের অর্থের উৎস ও সম্ভাব্য মাসিক আয় কত হবে;
(খ)	প্রস্তাবিত মার্কেট নির্মাণের সিদ্ধান্ত সম্বলিত রাউজান পৌর পরিষদের মাসিক সভার উপস্থিত সকল সদস্যের স্বাক্ষরিত কার্যবিবরণী;
(গ)	উক্ত জমিতে পৌর মার্কেট নির্মাণ করা হলে পরবর্তীতে কোন মামলা বা আইনি জটিলতার সম্ভাবনা রয়েছে কিনা সে বিষয়ে জমির মালিকানা সম্পর্কে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক জমির তপসীল ও জমির রেকর্ডীয় মালিকানা পরীক্ষা করে প্রয়োজনীয় প্রমানক সংযুক্তপূর্বক স্থায়ী মতামতসহ প্রতিবেদন; এবং
(ঘ)	প্রস্তাবিত মার্কেট নির্মাণের স্থানে পুকুর, খাল, ডোবা বা জলাশয় রয়েছে কিনা সে বিষয়ে জমির আশে-পাশের স্থাপনা জমির দাগ তথ্যাদি;



২৯-৮-২০২১

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৪১৪২

মেয়র

রাউজান পৌরসভা, চট্টগ্রাম।


ইমেইল: pauro1lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.২১.৭১৯/১(৫)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মাননীয় সভাপতির একান্ত সচিব, রেলপথ সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ



২৯-৮-২০২১

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব